



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date : ৩১ ডিসেম্বর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

## লক্ষ্মীছড়িতে নিরীহ জুম্ম ব্যবসায়ীকে গ্রেফতারের নিন্দা

খাগড়াছড়ির লক্ষ্মীছড়িতে পেক্ষ্যা চাকমা (৩৭) নামে এক নিরীহ জুম্ম ব্যবসায়ীকে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ ৩১ ডিসেম্বর ২০১৯ মঙ্গলবার এক বিবৃতিতে ইউপিডিএফ খাগড়াছড়ি জেলা সংগঠক অংগ্য মারমা বলেন, কতিপয় সংবাদ মাধ্যমে পেক্ষ্যা চাকমাকে ইউপিডিএফের সদস্য উল্লেখ করে যেভাবে গ্রেফতারের বর্ণনা দেয়া হয়েছে তা সঠিক নয়।

পেক্ষ্যা চাকমা কোন সময় ইউপিডিএফের সাথে যুক্ত ছিলেন না উল্লেখ করে তিনি বলেন, লক্ষ্মীছড়ির হাটের দিন গত রোববার পেক্ষ্যা চাকমা বাজারে গেলে তাকে বিকেল ৩টার দিকে 'কথা আছে' বলে স্থানীয় ক্যাম্প ডেকে নেয়া হয়। পরে ভোররাত ৩টার দিকে তাকে তার নিজ গ্রাম সমুরপাড়ায় নেয়া হয়।

তার কাছ থেকে অস্ত্র, গুলি ও রশিদ বই উদ্ধারের দাবিকে সম্পূর্ণ মিথ্যা বলে ইউপিডিএফ নেতা তার আত্মীয়দের বরাতে জানান এবং বলেন পেক্ষ্যা চাকমা মূলত লাকড়ি ব্যবসা করে জীবিকা নির্বাহ করে থাকেন।

অংগ্য মারমা অবিলম্বে গ্রেফতার পেক্ষ্যা চাকমার মুক্তি, তার বিরুদ্ধে দায়েরকৃত মিথ্যা মামলা প্রত্যাহার এবং ইউপিডিএফসহ সাধারণ নিরীহ জনগণের উপর বর্বর দমনপীড়ন বন্ধের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।